বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

নং-৫৮৮/২০২০ এস. সি (এডি) তারিখঃ ২/০৬/২০২০খ্রিঃ

**দরপত্র বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে নিম্নবর্ণিত কতিপয় মালামাল সরকারী বিধি মোতাবেক সরবরাহের নিমিত্ত অত্র কোর্টের তালিকাভূক্ত ব্যবসায়ী/সেবা ও সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীমিত পদ্ধতিতে দরপত্র আহ্বান করা যাইতেছেঃ-

মালামালের বিবরণী নিম্নরূপঃ-

| ক্রমিক নং- | বিবরণ | পরিমান |
|---|---|---|
| ১ | স্যার্জিক্যাল মাস্ক | ৩০বক্স |
| ২ | হ্যান্ড স্যানিটাইজার ৫০মি. লি. (সেপনিল) স্কায়ার লি. | ৫০টি |
| ৩ | স্যাভলন/স্যাভলিন লিকুইড ( ACI/S.A Traders) প্রতি ৫লিটারের ৪টি | ২০ লিটার |
| ৪ | হ্যাক্সিসল ২৫০ মি.লি. হ্যান্ড বার | ৩০টি |

**দরপত্রের শর্তাবলী**

১। আগামী ০৭/০৬/২০২০ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রারের এর কক্ষে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বক্স খোলা হইবে।

২। দরপত্র উক্ত মালামালের মূল্য লট ভিত্তিতে পৃথক পৃথক ভাবে/পৃথক পৃথক লেটার হেডে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে। হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসাঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ দরপত্র দাখিল করিতে হইবে। খামের উপর দরপত্রের লট নম্বার ও লটের নাম উল্লেখ করিতে হইবে।

৩। দরপত্রের সহিত দরপত্র জামানত হিসেবে মোট উদ্ধৃত্ত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্নে স্বাক্ষরকারীর অনুকুলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।

৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র জামানত/ মালামাল সরবরাহের তারিখ হতে ৬(ছয়) মাস পর্যন্ত কর্তৃপক্ষের নিকট রক্ষিত থাকবে।

৫। কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে দরপত্রে উল্লেখিত মালামাল সরবরাহপূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতঃ চালানসহ ৩(তিন) কপি বিল অত্র অফিসের সংশ্লিষ্ট শাখায় দাখিল করিতে হইবে।

৬। অসম্পূর্ন, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহৃত দরপত্র এবং নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত দরপত্র কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

৭। কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা সকল দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষন করেন।

আদেশক্রমে
০২-০৬-২০২০
(মোহাম্মদ মেহেদী হাসান)
ডেপুটি রেজিস্ট্রার
আপীল বিভাগ।

**প্রচারের জন্য অনুলিপিঃ-**

১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট, ঢাকা।

৩। নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।

৪। নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।